

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং - ১৫

২৮ বৈশাখ ১৪২৯

তারিখ : -----

১১ মে ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকল্পে কতিপয় বিধিনিষেধ প্রসঙ্গে।**

ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনায় স্বার্থের সংঘাত পরিহার এবং নিরপেক্ষতা, পেশাগত মান ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৩(১)(ক) ধারায় কোনো ব্যক্তি কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক হলে একই সময়ে তিনি অন্য কোনো ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠান বা বীমা কোম্পানীর পরিচালক থাকবেন না মর্মে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। অনুরূপভাবে ব্যাংক-কোম্পানী পরিচালনায় শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার লেটার নং ২৭ তারিখ ১২ মে ২০২১ এর মাধ্যমে কতিপয় বিধিনিষেধ আরোপ করা হয়।

০২। অধিকন্তু, সুষ্ঠুভাবে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃক নিজ নিজ দায়িত্ব পালনে যথাযথ ভূমিকা পালন আবশ্যিক বিধায় ব্যাংক পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকরণের ক্ষেত্রে সৃষ্ট প্রতিবন্ধকতা পরিহার হওয়া বাঞ্ছনীয়। এক্ষেত্রে, ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনায় অধিকতর শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে,

২.১। কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বা পর্ষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত পর্ষদের সহায়ক কমিটি যথা - নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি উক্ত ব্যাংক-কোম্পানীর সাবসিডিয়ারি কোম্পানী বা ব্যাংক কোম্পানীর অর্থায়নে গঠিত ও পরিচালিত কোনো কোম্পানী/প্রতিষ্ঠান বা ফাউন্ডেশন এর পরিচালনা পর্ষদ বা গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

২.২। কোনো ব্যক্তি ব্যাংক-কোম্পানীর চেয়ারহোল্ডার পরিচালক বা মনোনীত/প্রতিনিধি পরিচালক বা স্বতন্ত্র পরিচালক হিসেবে ন্যূনতম ০১ বছর মেয়াদে দায়িত্ব পালন করলে উক্ত মেয়াদপূর্তি বা অবসর বা অব্যাহতির পর উক্ত ব্যক্তি কখনোই ঐ ব্যাংকের নিয়মিত বা চুক্তিভিত্তিক কোনো পদে নিয়োগ/নিযুক্ত হতে পারবেন না।

০৩। অনুচ্ছেদ ২.১ এ উল্লেখ মতে কোনো ব্যক্তি এরূপ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ/গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে দায়িত্বরত থাকলে উক্ত ব্যক্তিকে আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়টি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ডিভিশন-২ কে উপরে বর্ণিত সময় অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক অবহিত করতে হবে।

০৪। অনুচ্ছেদ ২.২ এ উল্লেখ মতে ব্যাংকসমূহে এরূপ কোনো নিয়োগ প্রদান করা হয়ে থাকলে আগামী ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে উক্ত ব্যক্তি/ব্যক্তিগণ সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করতঃ বিষয়টি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ডিভিশন-২ কে উপরে বর্ণিত সময় অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক অবহিত করতে হবে।

০৫। এই সার্কুলার জারির অব্যবহিত পরবর্তী পরিচালনা পর্ষদের সভায় সার্কুলারের বিষয়বস্তু উপস্থাপন করতঃ এতদ্বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৫